"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম ইউনিট
৬,কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং ৫৯.১১.০০০০.৫৫০.২৩.০০১.২২ (অংশ-২).৪২৭ তারিখ ঃ ২৩/১১/২৩

**বিষয় ঃ আগামী ২৫-৩০ নভেম্বর, ২০২৩ খ্রিঃ দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদ্যাপন প্রসঙ্গে।**

সূত্র ঃ অধিদপ্তরের আইইএম ইউনিটের স্মারক নং ৫৯.১১.০০০০.৩৫০.২৩.০৩০.২৩.১৮৭৯, তারিখঃ ০৫.১১.২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ২৫-৩০ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদ্যাপনের উদ্যোগ নেয়া হয়েছে। এবারের পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে **"নিরাপদ মাতৃত্ব, পরিকল্পিত পরিবার, স্মার্ট বাংলাদেশ হোক আমাদের অঙ্গীকার"**। উক্ত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহে দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা কার্যক্রমে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে ঃ

- উপপরিচালকগণ তাঁর জেলার প্রয়োজন অনুযায়ী বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা এর সাথে আলোচনাক্রমে পার্শ্ববর্তী জেলার চিকিৎসক কর্মকর্তাদের সমন্বয়ে স্থায়ী ও দীর্ঘমেয়াদী কার্যক্রম বিষয়ক ক্যাম্পে সেবা প্রদান নিশ্চিত করবেন।
- দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবার ক্ষেত্রে যে সকল স্থানে সেবাপ্রদানকারীর স্বল্পতা আছে, সেখানে রিজিওনাল কনসালটেন্ট/ ডিষ্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটিগণ উপপরিচালক (পরিবার পরিকল্পনা) এবং সংশ্লিষ্ট Roving Team এবং NGO দের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় সংখ্যক অপারেটিং সার্জন টীম/ সেবা প্রদানকারী টীম গঠন করবেন এবং রিজিওনাল কনসালটেন্ট/ডিষ্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটিগণ নিজেরাও সার্জন হিসাবে এ সকল টীমে যুক্ত হয়ে সরাসরি সেবা প্রদান করবেন এবং সেবা সপ্তাহের কার্যক্রম তদারকি করবেন। প্রশিক্ষিত চিকিৎসক কর্মকর্তাদের সর্বোচ্চ অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- বিশেষ সভায় সেবা সপ্তাহে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবার ক্ষেত্রে যেখানে LAPM Roving Team এবং আইইউডি Roving Team এর কর্ম এলাকায় Roving Team এর সহায়তা প্রয়োজন, তা জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় ও মেরী স্টোপস বাংলাদেশ ঠিক করবেন।
- ২৫-৩০ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রতিদিনই সংগঠন করে সেবা প্রদান করতে হবে। সকল প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসক কর্মকর্তাগণ স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি ও ইমপ্ল্যান্ট সেবা প্রদান করবেন এবং মহিলা চিকিৎসক কর্মকর্তা, মহিলা স্যাকমো ও পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ আইইউডি সেবা প্রদান করবেন। সেবাকেন্দ্রে প্রতিদিন সেবাপ্রদানকারীদের সার্বক্ষনিক উপস্থিতি অত্যাবশ্যক।
- প্রতি উপজেলার Hard to reach area অথবা দূরবর্তী এলাকা যেখান থেকে ক্লায়েন্ট সহজে উপজেলা সদরে আসতে পারেন না, সে সকল এলাকায় সেবা সপ্তাহের নিয়মিত সেবাদানের পাশাপাশি দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প আয়োজন করতে হবে।
- উপপরিচালক, পরিবার পরিকল্পনাবৃন্দ জেলা সিভিল সার্জনের সাথে আলোচনাক্রমে মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীগণ (PPV, FWA, FPI, FWV, Pharmacist, SACMO, CHCP, HA, AHI, HI, NGO মাঠকর্মী) এর মাধ্যমে সেবা সপ্তাহ চলাকালীন দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতির গ্রহীতা প্রেরণ করে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ-২০২৩-কে সাফল্যমন্ডিত করার ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ করবেন।
- স্বাস্থ্য অধিদপ্তরের অধীন যে সকল মেডিক্যাল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা হাসপাতালে প্রসব পরবর্তী দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা চালু আছে, সে সকল কেন্দ্রে সেবা সপ্তাহে উক্ত সেবা প্রদান নিশ্চিত করার সার্বিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদান এবং গ্রহীতার প্রসবের পর পছন্দ অনুযায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি প্রদান করবেন।
- প্রতিটি কেন্দ্রে গুনগত প্রজনন স্বাস্থ্য সেবার আওতাধীন এমআর ও গর্ভপাত পরবর্তী পরিবার পরিকল্পনা সেবা সমূহ নিশ্চিত করবেন।
- সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন সময়ে জেলা ও উপজেলা পর্যায়ে আশ্রয়ণ, আবাসন ও গুচ্ছ গ্রাম এবং বস্তির অধিবাসীদের গুরুত্ব দিয়ে পরিবার পরিকল্পনা সেবা প্রদান করবেন।
- এনজিও ও প্রাইভেট সেক্টরের সেবাকেন্দ্র সমূহে প্রতিদিনই দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা প্রদান করবেন।
- প্রতিদিনের সেবা প্রদানের পদ্ধতি ভিত্তিক সংখ্যা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস ইউনিটে প্রেরণের পাশাপাশি এর এক কপি সিসিএসডিপি'র ই-মেইল এড্রেস ccsdpdgfp@gmail.com এ পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সংক্রান্ত যে কোন প্রয়োজনে সিসিএসডিপি ইউনিটের উপপরিচালক (কিউ) ও প্রোগ্রাম ম্যানেজার (কিউ) ডাঃ শামীম মোঃ আকরাম, মোবাইল নম্বর ০১৭১৫০৮৮৪০০ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

D:\Imrul\Imrul2010\sebashopta\Sheba shopta 25-30 Nov 2023.doc

➢ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সিসিএসডিপি ইউনিট হতে ইমপ্রেস্ট ফান্ড, লজিস্টিক ও এমএসআর এর সরবরাহ নিশ্চিত করণে প্রয়োজনীয় সর্বোচ্চ পদক্ষেপ গ্রহণ করবেন।

➢ কেন্দ্রীয় পণ্যাগার, আঞ্চলিক পণ্যাগার, জেলা সংরক্ষিত পণ্যাগারসমূহ সেবা সপ্তাহ সংক্রান্ত চাহিদা অনুযায়ী দ্রুত পর্যাপ্ত সরবরাহ প্রদান নিশ্চিত করবেন।

➢ সকল কর্মকর্তাগণ দেশব্যাপী **"নিরাপদ মাতৃত্ব, পরিকল্পিত পরিবার, স্মার্ট বাংলাদেশ হোক আমাদের অঙ্গীকার"** বাস্তবায়নে সকল কর্মীর কার্যকর সংশ্লিষ্টতা ও অংশগ্রহণ নিশ্চিত করবেন এবং সেবা সপ্তাহ শেষে কর্মী ভিত্তিক পদ্ধতি ওয়ারী অগ্রগতি রিপোর্ট প্রেরণ করবেন।

উপরোলিখিত বিষয় সমূহের প্রতি গুরুত্ব প্রদান পূর্বক আগামী ২৫-৩০ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিতব্য দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

১৩/১১/২৩

ডাঃ ফরিদ উদ্দিন আহমদ
লাইন ডাইরেক্টর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম ইউনিট।
ই-মেইল ঃ ccsdpdgfp@gmail.ocm

প্রাপক ঃ ১। পরিচালক, পরিবার পরিকল্পনা,..................................বিভাগ।
২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ...............................জেলা।
৩। সহকারী পরিচালক (পঃপঃ/সিসি)..................................জেলা।
৪। রিজিওনাল/ ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটি,.........................অঞ্চল/ জেলা।
৫। মেডিক্যাল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র. ......................... জেলা।
৬। মেডিক্যাল অফিসার (সিসি),..........................................জেলা।
৭। মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)...............উপজেলা............জেলা।

স্মারক নং ৫৯.১১.০০০০.৫৫০.২৩.০০১.২২ (অংশ-২). ৪২৩/১ (২৫০) তারিখঃ ১৩/১১/২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
২. বিভাগীয় কমিশনার, .................................বিভাগ।
৩. পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল) ..........................................অত্র অধিদপ্তর।
৪. পরিচালক ও লাইন ডাইরেক্টর (সকল), .......................................................স্বাস্থ্য অধিদপ্তর।
৫. বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য (সকল) ...............................বিভাগ।
৬. পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা /এমসিএইচটিআই,আজিমপুর, ঢাকা/ এমসিএইচটিআই,লালকুঠি, মিরপুর,ঢাকা।
৭. জেলা প্রশাসক, ..................................জেলা।
৮. সিভিল সার্জন, .......................................জেলা।
৯. উপজেলা চেয়ারম্যান, ................................উপজেলা.........................জেলা।
১০. উপজেলা নির্বাহী কর্মকর্তা,..............................উপজেলা............................জেলা।
১১. অতিরিক্ত পরিচালক (ঔষধ সংগ্রহ ও ভান্ডার), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী,ঢাকা- আঞ্চলিক পণ্যাগার ও উপজেলা পরিবার পরিকল্পনা গুদামে আইইউডি, ইমপ্ল্যান্টসহ অন্যান্য আনুষংগিক এমএসআর এর পর্যাপ্ত সরবরাহ দ্রুত নিশ্চিত করবেন।
১২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, .........................উপজেলা......................জেলা।
১৩. সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার, ......................................জেলা।
১৪. প্রতিনিধি, ...........................................................এনজিও।
১৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

১৩.১১.২০২৩

ডাঃ শামীম মোঃ আকরাম
উপ পরিচালক (কিউএ) ও প্রোগ্রাম ম্যানেজার (কিউএ)
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম।
মোবাইল ঃ ০১৭১৫০৮৮৪০০

D:\Imrul\Imrul2010\sebashopta\Sheba shopta 25-30 Nov 2023.doc